

🔳 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১২৯

💵 আরবি মূল আয়াত:

قَالُوا أُوذِينَا مِن قَبلِ أَن تَاتِينَا وَ مِن بَعدِ مَا جِئتَنَا اللَّ قَالَ عَسَى رَبُّكُم أَن يُهلِكَ عَدُوّكُم وَ يَستَخلِفَكُم فِي الأرضِ فَيَنظُرَ كَيفَ تَعمَلُونَ ﴿ ١٢٩﴾

তারা বলল, 'তুমি আমাদের কাছে আসার পূর্বে আমাদেরকে কস্ট দেয়া হয়েছে এবং তুমি আমাদের কাছে আসার পরেও।' সে বলল, 'আশা করা যায়, তোমাদের রব তোমাদের শত্রুকে ধ্বংস করবেন এবং যমীনে তোমাদেরকে স্থলাভিষিক্ত করবেন, অতঃপর তিনি দেখবেন তোমরা কীভাবে আমল কর।' — আল-বায়ান

তারা বলল, 'আমাদের নিকট তোমার আসার পূর্বেও আমাদেরকে জ্বালাতন করা হয়েছে আর তোমার আসার পরেও।' সে বলল, 'সত্বর তোমাদের প্রতিপালক তোমাদের দুশমনকে ধ্বংস করবেন আর তোমাদেরকে দেশে প্রতিনিধিত্ব দান করবেন, অতঃপর তিনি দেখবেন তোমরা কেমন 'আমাল কর।' — তাইসিক্রল

তারা বললঃ আপনি আমাদের নিকট (নাবী রূপে) আগমনের পূর্বেও আমরা (ফির'আউন কর্তৃক) নির্যাতিত হয়েছি এবং আপনার আগমনের পরও নির্যাতিত হচ্ছি। সে (মূসা) বললঃ সম্ভবতঃ শীঘ্রই তোমাদের রাব্ব তোমাদের শক্রকে ধ্বংস করবেন এবং তোমাদেরকে তাদের রাজ্যে স্থলাভিষিক্ত করবেন, অতঃপর তোমরা কিরূপ কাজ কর তা তিনি লক্ষ্য করবেন। — মুজিবুর রহমান

They said, "We have been harmed before you came to us and after you have come to us." He said, "Perhaps your Lord will destroy your enemy and grant you succession in the land and see how you will do." — Sahih International

১২৯. তারা বলল, আপনি আমাদের কাছে আসার আগেও আমরা নির্যাতিত হয়েছি এবং আপনি আসার পরও। তিনি বললেন, শীঘ্রই তোমাদের রব তোমাদের শত্রুকে ধ্বংস করবেন এবং তিনি তোমাদেরকে যমীনে স্থলাভিষিক্ত করবেন, তারপর তোমরা কি কর তা তিনি লক্ষ্য করবেন।

তাফসীরে জাকারিয়া



(১২৯) তারা বলল, 'আমাদের নিকট আপনার আসার পূর্বে আমরা নির্যাতিত হয়েছি[1] এবং আপনার আসার পরেও।'[2] সে বলল, 'শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের শত্রুকে ধ্বংস করবেন এবং তিনি রাজ্যে তাদের (বদলে) তোমাদেরকে স্থলাভিষিক্ত করবেন। অতঃপর তোমরা কিরূপ কাজ কর, তা তিনি দেখবেন।' [3]

- [1] এখানে মূসা (আঃ)-এর জন্মের পূর্বে যে অত্যাচার তাদের উপর হয়েছিল সেই দিকে ইঙ্গিত করা হয়েছে।
- [2] যাদুকরদের ঘটনার পর অত্যাচারের এটা নতুন যুগ, যা মূসা (আঃ)-এর আসার পর তাদের উপর শুরু হয়।
- [3] মূসা (আঃ) সান্ত্বনা দিলেন যে, তোমরা ঘাবড়ে যাবে না, অচিরেই আল্লাহ তোমাদের শত্রুকে বিনাশ করবেন এবং এখানকার রাজত্ব তোমাদেরকে দান করবেন। আর তারপর তোমাদের পরীক্ষার এক নতুন কাল শুরু হবে। এখন দুঃখ-কষ্ট দিয়ে তোমাদের পরীক্ষা নেওয়া হচ্ছে। পরে নিয়ামত, সম্মান ও রাজ্য দিয়ে তোমাদের পরীক্ষা নেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=1083

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন